অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হারিকেন হেলেনের পুনরুদ্ধারে সহায়তা করার জন্য ন্যাশনাল গার্ডের সৈন্য, হেলিকপ্টার এবং জেনারেটর প্রেরণ করলেন

নর্থ ক্যারোলিনা ন্যাশনাল গার্ডকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক আর্মি ন্যাশনাল গার্ড 17 জন সৈন্য এবং তিনটি CH-47F চিনুক ভারী ভার উত্তোলনের হেলিকপ্টারকে সাউথ ক্যারোলিনাতে প্রেরণ করছে

জর্জিয়াতে জেনারেটর প্রদান করার জন্য স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ, পরিবহন বিভাগ এবং থ্রুওয়ে কর্তৃপক্ষ একত্রে কাজ করছে

বুধবার দ্রুত পানিতে উদ্ধার দল মোতায়েন করার পর সরঞ্জাম প্রেরণ করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে হারিকেন হেলেনের পর পুনরুদ্ধার প্রয়াসকে সমর্থন করার জন্য আর্মি ন্যাশনাল গার্ড (Army National Guard) থেকে 17 জন সৈন্য, তিনটি ভারী ভার উত্তোলনের হেলিকপ্টার এবং চারটি 100 কিলোওয়াট (kilowatt, KW) জেনারেটর প্রেরণ করা হয়েছে। ফ্লোরিডা, জর্জিয়া এবং সাউথ ক্যারোলিনাসহ দক্ষিণের বহু অংশে ঝড় ব্যাপকবিস্তৃত ক্ষয়ক্ষতি করেছে এবং কয়েক মিলিয়ন মানুষ বিদ্যুৎহীন অবস্থায় রয়েছে। 17 জন সৈন্য এবং তিনটি CH-47F চিনুক ভারী ভার উত্তোলনের হেলিকপ্টার নর্থ ক্যারোলিনা ন্যাশনাল গার্ডকে (North Carolina National Guard) সমর্থন করার জন্য মানুষ ও কার্গোকে সরাতে সাধারণ এয়ারলিফট সহায়তা প্রদান করবে। নিউ ইয়র্ক স্টেটের মজুতের অংশ জেনারেটরগুলি পরিবহন বিভাগ (Department of Transportation, DOT) ও থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) সরবরাহ করা ট্রাকে করে জর্জিয়ার ম্যাকনে প্রেরণ করা হচ্ছে এবং সোমবারের মধ্যে জর্জিয়াতে পৌঁছে যাবে বলে আশা করা যাচ্ছে।

"হারিকেন হেলেনের বিধ্বংসী প্রভাবের সাড়াদান করতে দক্ষিণে আমাদের প্রতিবেশীদের সাথে নিউ ইয়র্ক কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে," **গভর্নর হোকল বলেন।** "পুনরুদ্ধার প্রয়াসে সহায়তা করার জন্য আমাদের নিবেদিত সৈন্যরা যে হেলিকপ্টার ও জেনারেটরসহ অত্যাবশ্যকীয় সংস্থান সরবরাহ করবে তার জন্য আমি গর্বিত। সঙ্কটের সময়ে আমরা একটি সম্প্রদায় হিসেবে একত্রিত হয়েছি, ঐক্য ও স্থিতিস্থাপকতার চেতনাকে ধারণ করছি। প্রভাবিত সকলকে সমর্থন করার জন্য আমরা আছি, এবং নিশ্চিত করছি যাতে কাউকে একা এক কাঠিন্যের সম্মুখীন হতে না হয়।"

সৈন্য এবং আকাশযানের ঘাঁটি হলো রচেস্টারে আর্মি এভিয়েশন সাপোর্ট ফ্যাসিলিটি (Army Aviation Support Facility) #2 এ। 126তম জেনারেল সাপোর্ট এভিয়েশন ব্যাটেলিয়নের থার্ড ব্যাটেলিয়নের ডিটাচমেন্ট 1, B কোম্পানিতে হেলিকপ্টার নিযুক্ত করা হয়েছে। এগুলি সাত থেকে দশদিন মাঠপর্যায়ে কাজ করবে বলে অনুমান করা হচ্ছে।

2018 সালের অক্টোবর মাসে একই ইউনিট হারিকেন মাইকেলের পর ফ্লোরিডাতে দুইটি CH-47 এবং 11জন কর্মী মোতায়েন করে।

দেশের সকল দুর্যোগের জাতীয় পারস্পরিক সহায়তা ব্যবস্থা, জরুরি ব্যবস্থাপনা সহায়তা কম্প্যাক্টের (Emergency Management Assistance Compact, EMAC) অংশ হিসেবে সরঞ্জাম প্রেরণ করা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেস (U.S. Congress) (PL 104-321) EMAC এর অনুমোদন প্রদান করেছে এবং 50টি স্টেটের প্রত্যেকটিতে, কলাম্বিয়া জেলা, পুয়ের্তো রিকো, গুয়াম, মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিন আইল্যান্ড এবং নর্দার্ন ম্যারিয়ানা আইল্যান্ডে এটি আইন। EMAC এর সদস্যরা সকল ডিসিপ্লিন থেকে সংস্থান আদানপ্রদান করতে, মোতায়েন করা কর্মীদের সুরক্ষা প্রদান করতে এবং মিশন সম্পর্কিত ব্যয়ের ক্ষতিপূরণ পেতে পারবে।

বুধবার, গভর্নর 16 জন দ্রুত পানিতে উদ্ধার কর্মীদের একটি দল, দুইটি কুকুর এবং জরুরি সাড়াদান সরঞ্জামকে নর্থ ক্যারোলিনাতে প্রেরণ করেন। সেই দলটি বর্তমানে ইয়ান্সি কাউন্টির জরুরি ব্যবস্থাপনা অফিসকে (Yancy County Emergency Management Office) সহায়তা করার জন্য নিযুক্ত রয়েছে।

মেজর জেনারেল রে শিল্ডস বলেন, "নর্থ ক্যারোলিনার ন্যাশনাল গার্ড ঝড়ের ত্রাণ প্রদানের কাজে সহায়তার অনুরোধ করলে গভর্নর হোকলের নির্দেশে, 42তম ইনফ্যান্ট্রি ডিভিশনের কম্ব্যাট এভিয়েশন ব্রিগেডের নারী ও পুরুষেরা 24 ঘণ্টার কম সময়ে দ্রুত সাড়াদান করে। তিনটি CH-47 ভারী ভার উত্তোলনের হেলিকপ্টার এবং তাদের ক্রু ও রক্ষণাবেক্ষণ দল প্রেরণ করার মাধ্যমে আমাদের সৈন্যরা সাড়াদান করে। আমরা সর্বদা প্রস্তুত এবং যুদ্ধের ময়দানে হোক বা এখানে নিউ ইয়র্কে, বা অন্য কোনো স্টেটে সকলের সাথে সর্বদা আছি। আহ্বানে সাড়াদান করতে কখনো ব্যর্থ না হওয়া আমাদের সেনা সদস্যদের নিয়ে আমি অনেক গর্বিত।"

স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "এই মাত্রার এটি বিপর্যয়ের পর পুনরুদ্ধার করতে কী বিপুল পরিমাণ সংস্থান প্রয়োজন হয় তা গভর্নর হোকল জানেন। বিদ্যুৎ পুনঃস্থাপনে সাহায্য করার জন্য আমাদের সরঞ্জাম ও কর্মী প্রেরণ করা, দক্ষতা প্রদান করা এবং অতি প্রয়োজনীয় সহায়তা প্রদান হলে তা এই বিধ্বংসী ঝড় থেকে পুনরুদ্ধার পেতে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহকে সাহায্য করার ক্ষেত্রে সমর্থন প্রদান করবে।"

স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "দুই বছর আগে বাফেলোর ঐতিহাসিক তুষারঝড়ের পর একাধিক স্টেট নিউ ইয়র্ককে সহায়তা করতে এসেছিলো, এবং আজকে জর্জিয়া স্টেটের নাগরিকদের জন্য গভর্নর হোকল সেই একই উদারতা প্রদর্শন করছেন। হারিকেন হেলেন পিচ স্টেটকে বিধ্বংসী তীব্রতার সাথে আঘাত করে, যা প্রত্যেক কোণাকে আক্রান্ত করে এবং জর্জিয়া কয়েক লাখ বাসিন্দা বিদ্যুৎহীন হয়ে পড়ে। যাদের

প্রয়োজন তাদেরকে আমাদের নিউ ইয়র্ক স্টেটের DOT কর্মীরা জেনারেটর প্রদান করবে এবং দক্ষিণজুড়ে স্টেটগুলি যখন এই বিপর্যয় সৃষ্টিকারী আবহাওয়া ইভেন্ট থেকে বের হয়ে আসার চেষ্টা করছে তখন সহায়তা করার জন্য আমরা প্রস্তুত আছি।"

থ্রুওয়ে কর্তৃপক্ষের ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক জি হোয়ার বলেন, "দক্ষিণপূর্বের বিপর্যয় অকল্পনীয় এবং সম্ভাব্য সকল উপায়ে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটে আমাদের অংশীদারদের সাথে থ্রুওয়ে কর্তৃপক্ষও প্রস্তুত আছে। আমাদের কর্মীরা যে জেনারেটর প্রেরণ করবে তা আমাদের দক্ষিণের প্রতিবেশীদেরকে পুনরুদ্ধারের কাজ শুরু করতে এবং কিছুটা স্বাভাবিক অবস্থায় ফেরত আসতে সাহায্য করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন